



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/14/2022

গভর্নর ক্যাথি হোকল

**স্তন ক্যান্সার থেকে বেঁচে ফিরে আসা ব্যক্তিদেরকে তাদের আরোগ্য লাভের সময়ে  
সহায়তা করার জন্য গভর্নর হোকলের আইন স্বাক্ষর**

**আইনটি (A.8537/S.7881) স্তন ক্যান্সার থেকে বেঁচে ফিরে আসা ব্যক্তিদের মধ্যে যারা  
মাস্টেকটমি করানোর পরে রিকনস্ট্রাক্টিভ সার্জারি করানোকে বেছে নিয়েছেন তারা  
যাতে যথাযথ বিমার কভারেজ পান সে বিষয়টি নিশ্চিত করে**

**অক্টোবর মাসে পালিত হওয়া স্তন ক্যান্সার সম্পর্কে সচেতনতার মাসে গভর্নর এই  
আইনে স্বাক্ষর করেছেন**

গভর্নর ক্যাথি হোকল আজ একটি আইনে স্বাক্ষর করেছেন যা স্তন ক্যান্সার থেকে বেঁচে ফিরে আসা ব্যক্তিদেরকে তাদের আরোগ্য লাভের সময়ে সহায়তা করবে। আইনটি (A.8537/S.7881) স্তন ক্যান্সার থেকে বেঁচে ফিরে আসা ব্যক্তিদের মধ্যে যারা মাস্টেকটমি বা আংশিক মাস্টেকটমি করানোর পরে চেস্ট রিকনস্ট্রাকশন সার্জারি করানো বেছে নিয়েছেন তাদের যথাযথ বিমার কভারেজ পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। গভর্নর এই বিলে স্বাক্ষর করেছেন স্তন ক্যান্সার সম্পর্কে সচেতনতার মাসে, যেটি অক্টোবর মাসে পালন করা হয়ে থাকে।

"স্তন ক্যান্সার থেকে বেঁচে ফিরে আসা ব্যক্তির আামাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার কাছ থেকে মর্যাদাপূর্ণ ও সম্মানজনক আচরণ পাওয়ার অধিকার রাখেন," বলেছেন গভর্নর হোকল। "যেসব মহিলা মাস্টেকটমি করানোর পরে চেস্ট ওয়াল রিকনস্ট্রাকশন সার্জারি করানো বেছে নিয়েছেন তারা এখন এই প্রক্রিয়ার জন্য বিমার কভারেজ এবং এই অপশন বেছে নেওয়ার জন্য প্রয়োজনীয় তথ্য পাবেন। স্তন ক্যান্সার সম্পর্কে সচেতনতার মাসে এই আইনে স্বাক্ষর করতে পেরে আমি গর্বিত এবং আমি নিউ ইয়র্কের প্রত্যেক মহিলাকে এবছর একটি ম্যামোগ্রাম করানোর জন্য সর্নির্বন্ধ অনুরোধ করছি।"

এই আইন (A.8537/S.7881) স্তন ক্যান্সার থেকে বেঁচে ফিরে আসা ব্যক্তিদের মধ্যে যারা মাস্টেকটমি বা আংশিক মাস্টেকটমি করানোর পরে চেস্ট রিকনস্ট্রাকশন সার্জারি বেছে নিয়েছেন তাদের অস্ত্রোপচারের জন্য যথাযথ বিমার কভারেজ পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। এই নতুন আইনের আওতায়, ব্রেস্ট রিকনস্ট্রাকশন এবং চেস্ট ওয়াল রিকনস্ট্রাকশন উভয়টি কভারেজ পাবে, যা মহিলাদেরকে তাদের মাস্টেকটমি-পরবর্তী দেহ কেমন দেখাবে সেটা বেছে নেওয়ার সুযোগ প্রদান করবে। এছাড়াও ডাক্তাররা যাতে তাদের রোগীদের সঙ্গে চেস্ট ওয়াল

রিকনস্ট্রাকশনের অপশন সম্পর্কে আলোচনা করেন সে বিষয়টি এই আইন নিশ্চিত করবে যাতে রোগী একটি অবহিত সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন।

যুক্তরাষ্ট্রে আনুমানিক প্রতি আটজন মহিলার মধ্যে একজনের জীবনকালে স্তন ক্যান্সার হয়েছে বলে ধরা পড়ে, এবং অনেকেই তাদের ক্যান্সার অপসারণ করার চিকিৎসার অংশ হিসেবে মাস্টেকটমি বা আংশিক মাস্টেকটমির মধ্য দিয়ে যান। মাস্টেকটমি বা আংশিক মাস্টেকটমি করানোর পরে, কিছু মহিলা ব্রেস্ট রিকনস্ট্রাকশন সার্জারি করানো বেছে নেন, অন্যদিকে অন্যরা চেস্ট ওয়াল রিকনস্ট্রাকশন সার্জারি বেছে নেন; এর আগে, আইন অনুযায়ী শুধু ব্রেস্ট রিকনস্ট্রাকশন-এর জন্য বিমার কভারেজ প্রদান করা আবশ্যিক ছিল কিন্তু চেস্ট ওয়াল রিকনস্ট্রাকশন সার্জারির জন্য এটি আবশ্যিক ছিল না, যেটিকে বহু বিমাদাতা "কসমেটিক" হিসেবে শ্রেণিভুক্ত করেছিল।

**স্টেট সিনেটর টোবি অ্যান স্ট্যাভিন্স্কি বলেন,** "আমরা বিশ্বাস করি যে মহিলারা নিজের দেহের ব্যাপারে স্বাধীনতা পাওয়ার অধিকারী। যদি কোনো মহিলা স্তন ক্যান্সারের বিরুদ্ধে লড়াই করার জন্য মাস্টেকটমি করান, তাহলে তার সার্জারি-পরবর্তী সবগুলো অপশন থেকে বেছে নেওয়ার অধিকার রয়েছে। যদি কোনো মহিলা চেস্ট ওয়াল রিকনস্ট্রাকশন করতে চান তাহলে এটি ব্রেস্ট রিকনস্ট্রাকশন এর মতো একইভাবে বিমার কভারেজ পাওয়া উচিত। অ্যাসেম্বলি সদস্য ফেফার-অ্যামাটোর সঙ্গে এই আইনের জন্য পৃষ্ঠপোষকতা করতে পেরে আমি গর্বিত এবং এটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য স্ট্যাসি ফেফার-অ্যামাটো বলেন,** "আজ নিউ ইয়র্ক দেশের মধ্যে প্রথম স্টেট হিসেবে মহিলাদেরকে এই কভারেজ প্রদান করার মাধ্যমে ইতিহাস তৈরি করেছে। এই আইন একজন মহিলাকে তার মাস্টেকটমি-পরবর্তী দেহ কেমন দেখাবে সে সিদ্ধান্ত নেওয়ার সুযোগ প্রদান করেছে। এই বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় গভর্নর হোকলকে ধন্যবাদ, এবং সিনেটে এই বিলটিকে সমর্থন করায় এবং একজন চমৎকার নেতার ভূমিকা পালন করায় সিনেটর টোবি অ্যান স্ট্যাভিন্স্কিকে ধন্যবাদ। আমরা স্তন ক্যান্সারে আক্রান্ত মহিলাদেরকে শুধু বেঁচে ফিরে আসতে দেখতে চাই না, বরং সেইসাথে তাদের জীবনকে সমৃদ্ধ করে তুলতেও দেখতে চাই, এটি দেখিয়ে দেওয়ার মাধ্যমে আমাদের স্টেজ ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি বৃহৎ পদক্ষেপ গ্রহণ করেছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418